# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস

## ৮৬তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১৭ জানুয়ারি ২০১৫ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১২ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০১ ঃ* গত ০৮ ডিসেম্বর ২০১৪ তারিখের একজিকিউটিভ কমিটির ৮৫তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য ডাঃ পারভীন হক চৌধুরী প্রস্তাব করেন এবং লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ) তা সমর্থন করেন। | সভাপতি<br>সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০২ ঃ* কনভেনশন সেন্টারের সেবাপ্রদানকারী সংস্থার সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ ১৫ ডিসেম্বর ২০১৪ তারিখে উত্তীর্ণ হয়েছে। নূতন নির্বাহী কমিটি কর্তৃক নূতন করে উম্মুক্ত টেন্ডারের মাধ্যমে চুক্তিপত্র সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। ২৩ জানুয়ারি অনুষ্ঠিতব্য নির্বাচন স্থগিত হয়ে যাওয়ায় পুনরায় বিষয়টি নিয়ে ইসি সভায় আলোচনা করা হয়। নূতন নির্বাচিত কমিটি দ্বারা চুক্তিপত্র সম্পাদনের ব্যাপারে সকল সদস্য একমত পোষন করেন। বর্তমান সেবাপ্রদানকারী সংস্থা নূতনভাবে চুক্তি না হওয়া পর্যন্ত তাদের কার্যক্রম অব্যাহত রাখবে। | কনভেনশন<br>সেন্টার কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ* বারিধারা ডিওএইচএস এর সংবিধান অধিকতর কার্যপোযোগী করার জন্য এর সংশোধন সময়ের দাবী। ডিওএইচএস এর এ্যাডহোক কমিটির চেয়ারম্যান রিয়ার এ্যাডমিরাল মোহাম্মদ নূরুল ইসলাম, পিএসসি (অবঃ) কে সভাপতি করে ও প্রাক্তন JAG (Army) ব্রিগেডিয়ার জেনারেল ইবনে ফজলে সাইদুজ্জামান (অবঃ) কে সদস্য সচিব করে এবং চারজন প্রেসিডেন্টকে সদস্য করে একটি বোর্ড গঠনের সিদ্ধান্ত হয়। সংবিধানের ব্যাপারে অভিজ্ঞ আরও ২/৩ জন সদস্যকে অন্তর্ভূক্ত করা যেতে পারে। নৌবাহিনী হতে কমডোর এম আজিজুর রহমান ও সেনাবাহিনী হতে লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ)কে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা যেতে পারে। | সভাপতি<br>সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ* রিক্সা চলাচলের বিষয়টি নিয়ে বিভিন্নভাবে বিভিন্নস্থানে ও সাধারণ সভায় আলোচনা/সমালোচনা হয়। ট্রানজিট ক্যাম্প হতে ডিওএইচএস এর অভ্যন্তরে রিক্সা চলাচলের সংখ্যা নিয়ন্ত্রণের জন্যই রিক্সা ঠিকাদারের সাথে একটি গ্রহনযোগ্য পদ্ধতি অনুসরণ করেই চুক্তি করা হয়। রিক্সা হতে আয় করা মুখ্য উদ্দেশ্য নয়। বনানী, বারিধারা , বসুন্ধরা ও গুলশান এলাকা থেকে শতশত রিক্সা ডিওএইচএস এর মধ্যে চলাচল করে থাকে। অনেক ধরণের চেষ্টা করেও ঐসব রিক্সার উপরে নিয়ন্ত্রন প্রতিষ্ঠা করা সম্ভব হয়নি। রিক্সার ব্যাপারে পরবর্তী পদক্ষেপ গ্রহণ ও সমালোচনা এড়ানোর জন্য দীর্ঘ ও বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গত বারের ন্যায় ১৫১টি রিক্সা চলাচলের ব্যাপারে সকলে সম্মত হন। উম্মুক্ত টেন্ডারের মাধ্যমে সর্বোচ্চ দর দাতাদের মধ্য হতে ০৪ (চার) জন ঠিকাদারকে ২৫টি করে রিক্সা পাশ বরাদ্ধ দেয়ার সিদ্ধান্ত হয়। স্টিকার ব্যবহার না করে এবং ডুপ্লিকেশনের কোন ধরণের সুযোগ না রেখে নূতনভাবে সনাক্ত চিহ্ন দ্বারা উক্ত ১৫১টি রিক্সাকে চলাচলের জন্য ১টি কমিটি গঠন করা হয়। ৫১টি রিক্সা যা বুয়াদের স্বামী/সন্তানদের জন্য বরাদ্ধ করা হয়েছে তারা বর্তমানেও ওই সকল বাড়ীতে গৃহকর্মী হিসেবে নিয়োজিত আছে এ ধরণের প্রত্যয়নপত্র নিয়ে আসার পরে উম্মুক্ত টেন্ডারের সর্বোচ্চ দরদাতার দরপত্র এর ৫০ ভাগ হারে রিক্সার চলমান বরাদ্ধ নবায়ন করা হবে। নিম্নভাবে সকলের সম্মতিতে রিক্সার পাশ বরাদ্দের জন্য একটি কমিটি গঠন করা হলো ঃ<br><br>সভাপতি ঃ লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ)<br>সদস্য ঃ ১। গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ)<br>২। লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ)<br>৩। ডাঃ পারভীন হক চৌধুরী | সভাপতি ও<br>মেম্বার সিকিঃ<br>এন্ড এ্যাডমিন |

| | |
|---|---|
| ৪। মেজর আশরাফ কামাল (অবঃ)<br>৫। জনাব গোলাম মোস্তফা কামাল | |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের ১০,০০,০০০.০০ টাকা মাননীয় সেনাপ্রধানের সিদ্ধান্ত অনুযায়ী ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রদানের জন্য সকলে অনুমোদন দেন। কনভেনশন সেন্টার হতে এ পর্যন্ত আয় ও ব্যায়ের একটি পূর্নাঙ্গ চিত্র তৈরী করতঃ সকল নির্বাহী পরিষদকে অবহিত করার জন্য ট্রেজারারকে অনুরোধ করা হয় যা পরবর্তী সভায় উ পস্থাপন করতে হবে। | ফিটনেস সেন্টার সাব-কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৬ ঃ* ফিটনেস সেন্টার পরিচালনার ব্যাপারে আলোচনা করা হয়। কনভেনার, গেমস্ স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি ফিটনেস সেন্টার ও ফ্রি হ্যান্ড এক্সারসাইজ এলাকার দেখাশোনা করবেন ও উহার রক্ষণাবেক্ষন নিশ্চিত করবেন। কনভেনার, লেডিস সাব-কমিটি ও সদস্য সচিব গেমস্ স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি সদস্য হিসেবে কনভেনারকে সুষ্ঠুভাবে দায়িত্ব পালনে সহায়তা প্রদান করবেন। | ফিটনেস সেন্টার সাব-কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৭ ঃ* কনভেনশন সেন্টারের জন্য ৫০০টি চেয়ার ও ৫০টি টেবিল তৈরী করার বিষয় নিয়ে আলোচনা হয়। মানসম্পন্ন চেয়ার টেবিল তৈরী করার জন্য এবং উহার যুক্তিসঙ্গত মূল্যমান নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করা হয় ঃ<br>সভাপতি ঃ এয়ার কমডোর মোহাম্মদ মুরাদ হোসেন, এনডিসি, এসিএসসি, পিএসসি (অবঃ)<br>সদস্য ঃ ১। লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ)<br>২। মেজর আশরাফ কামাল (অবঃ) | কনভেনশন সেন্টার কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৮ ঃ* মোবাইল কার্ড ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। সভাপতি, মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিনসহ সকল নির্বাহী কমিটির সদস্যকে ডিওএইচএস এর সদস্যদের সার্ভিস দেয়ার জন্য ফ্রি সার্ভিস প্রদান করা যুক্তিযুক্ত হলেও আর্থিক খরচ পরিষদ ফান্ড হতে প্রাপ্তির বিষয়ে সকলে একমত পোষন করেন এবং বর্তমান সিদ্ধান্ত নির্বাহী পর্ষদের সভায় ও প্রথম বাৎসরিক সভায় দীর্ঘ আলোচনার পর অনুমোদিত হওয়ায় উহা চলমান রাখার বিষয়ে সকলে একমত হন। | সভাপতি সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৯ ঃ* সকল ধরণের ব্যায় ইসির আর্থিক ক্ষমতার মধ্যে হওয়ায় ট্রেজারার কর্তৃক অবহিত করায় তা অনুমোদিত হয়। Advance Payment এর বিষয়টি লোন হিসেবে প্রদান করা হয়েছে মর্মে লোন হিসেবে দেখাতে হবে। | সেক্রেটারী/ ট্রেজারার |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১০ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |

৪। সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি

তারিখ ঃ ২০ জানুয়ারি ২০১৫

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী

তারিখ ঃ ২০ জানুয়ারি ২০১৫

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য